
# Directors' Report to the Shareholders



## Dear Shareholders,

Assalam Alaikum and a very good morning.

The Board of Directors of Summit Alliance Port Limited (SAPL) welcomes you all to the **13th Annual General Meeting** of the company. As you all are aware that pursuant to change in the provision of Section-2 (35) of the Income Tax Ordinance 1984 following enactment of the Finance Act 2015, the company has changed its reporting period from January-December to July-June. Accordingly the financial statements under report cover eighteen month period from 1st January 2016 to 30th June 2017.We are therefore pleased to submit before you the operational activities and audited financial statements of the company for the 18 month period ended on 30th June 2017.

The Directors' Report is prepared in compliance with section 184 of the Companies Act 1994, Bangladesh Securities and Exchange Commission's notification no- SEC/CMRRCD/2006-158/134/Admin/44 dated 7th August 2012 and other applicable laws and regulations.

## Business Activities

Established in December 2003,SAPL was listed with Dhaka and Chittagong Stock Exchange effective from 16th October 2008. The Company's primary facilities are located in the Patenga Industrial Area on the International Airport Road, Chittagong where the company (SAPL) has three container depots (including one depot of erstwhile OCL). All the depots at Chittagong have the certification from Global Security Verification (GSV) which is the leading international network for supporting the development and implementation of measures for enhancing global supply chain security. This GSV certificate has established the fact that the company has the appropriate security measures, as published by the US Bureau of Customs and Border Protection, in place and that these measures are implemented and maintained throughout the facilities.

The Company's River Terminal (RT) facility, located at Muktarpur, Munshiganj on the bank of the Dhalleshwari river, has also started trial operations with the 1st export shipment by river ways taking

place on 28th December 2016. The River Terminal facility,being the first of its kind in the private sector has been established on 15 acres of Company's freehold land holding Customs Bond License from Pangaon Customs House (under the authority of National Board of Revenue) with permission to handle CFS (Export / Import Cargo) as well as for ICD operations. The project has been financed by low-cost foreign currency loan from FMO of Nederland and IDCOL of Bangladesh. In order to facilitate future expansion of the RT activities, the company has also procured adjacent land measuring in total 13.70 acre.

Company's valued clientele includes Maersk Line, APL, Damco, APL Logistics, Kuehne+Nagel, Expo Freight, Mediterranean Shipping Corporation, Hapag Lloyd, NYK, OOCL, CMA-CGM, Mitsui OSK Lines, PIL, Shipping Corporation of India, China Shipping Line, Yang Ming Line, UPS, DSV etc. as well as several other prestigious Main Line Operators and Freight Forwarders who are prominent in the country.






Principal activity of the Company is to provide ICD / CFS services, from both the Chittagong and Munshiganj facilities, to its valued clients and includes as under:

1. Inland Container Depot (ICD): Comprising of transportation and storage of empty containers at SAPL's yard and redelivery of the containers to various locations as per client's advice. Company also provides some customized services to its clients such as Container Condition Survey, its repair and maintenance,Fumigation etc.

2. Container Freight Station (CFS): Comprising of activities related to Export cargo handling as well as Import cargo handling and the services include:

    i. Receiving of export cargo, storage of the same in bonded warehouse, documentation to complete formalities related to export, stuffing (loading) of the cargo in the container and transportation of the same, after completion of due Customs formalities, to Chittagong Port's Container Yard or Vessel Hook Point as per Client's advice.

ii. Receiving import container from Chittagong Port's yard and transporting the same to SAPL's yard, documentation, un-stuffing of the import cargo after completion of due Customs formalities and handing over of cargo to clients.

## SAPL has two subsidiary companies as under:

- **Cemcor Limited (Cemcor):** SAPL holds all but 4 shares of the company's 1,758,300 ordinary shares of Tk.10/- each. Cemcor is a private limited company.Cemcor in turn owns 100% shares of Wahid Spinning Mills Limited (WSML) which was purchased from its promoters on 19th September 1999. WSML was incorporated as private limited company on 6th September 1999 under the Companies' Act 1994. Neither Cemcor nor its subsidiary WSML is operative.

- **Container Transportation Services Limited (CTSL)** was formed as a private limited company on 25th November 2013 under Companies Act 1994 with the main objective to transport containerized export/import cargo to/from Chittagong Port and other Depots. CTSL commenced operation from July 2014. SAPL owns 99% shares of CTSL and the company has 33 Prime Movers with similar number of Trailers to perform its operation.

## Financial Performance and Results

Segment wise performance compared with last year is detailed below:

Taka in Thousand

| Particulars | 2016-17 Consolidated Position for 18 months | 2015 Consolidated Position for 12 months |
|---|---|---|
| | **Total** | **Total** |
| Revenue | 1,873,408 | 1,019,787 |
| Cost of Services (Operating Expenses) | (1,054,007) | (658,195) |
| **Gross Profit** | **819,401** | **361,592** |
| Administrative & Sales Promotion Expenses | (204,118) | (120,582) |
| **Operating Profit** | **615,283** | **241,010** |
| Other Income | 7,125 | 2,852 |
| Loss on sale of Investments | - | (12,848) |
| Less: Finance Cost | (203,571) | (21,425) |
| Less: Loss on Trial Operation of River Terminal | (38,701) | - |
| Less: Contribution to Beneficiaries' Profit Participation | (18,910) | (10,403) |
| **Profit Before Tax** | **361,226** | **199,186** |
| Provision for Income Tax | (90,876) | (36,402) |
| Deferred Tax on temporary difference between accounting and tax depreciation | (22,685) | (13,204) |
| **Net Profit after Tax** | **247,665** | **149,580** |

## Financial Performance and Results

Segment wise performance compared with last year is detailed below:
Our valued Shareholders will observe from the above table that Company's Operating Profit (mainly from the Off-Dock operations) substantially increased over 2015 but, due to adjustment of loss on trial operation of River Terminal and absorption of interest on borrowing, Net Profit after Tax did not increase by the same proportion though still reflecting an increase of 66% over the preceding financial year. Considering balance of profit available for distribution, Directors of the Company would like to report the company's financial results for the current financial year ended on 30th June 2017 with the recommendations for appropriation as follows:

## Appropriation of Profit

Figure in thousand taka

| | 2016-17 |
|---|---|
| **Retained Earnings at 30th June 2017 (Note-17 of Financial Statements: Separate)** | **339,698** |
| **Appropriation recommended** by the Board in its meeting held on 9th September 2017<br>Dividend for the financial year 2016-17:<br>• Cash Dividend : 15% (2015: Nil)<br>• Stock Dividend : Nil (2015: 10%)) | <br><br>334,937<br>- |
| **Retained Earnings: Net after Appropriations recommended** | **4,761** |

# Dividend

Board of Directors of the Company recommended 15% Cash Dividend for the financial year ended on 30th June 2017 in its meeting held on 9th September 2017 for the shareholders whose name appear in Members'/ Depository Register on the Record Date (27th September 2017) subject to approval of the shareholders in the ensuing 13th Annual General Meeting scheduled to be held on 25th October 2017.

**Management Discussions and Analysis**

√ **Industry outlook and possible future development**

The Chittagong based Off-Dock Industry, being directly tied to the Country's trade performance and Chittagong Port's handling capability, continued to experience steady growth in the 18-month period from January 2016 - June 2017 compared to the corresponding previous period. The Off-Dock Export volume, with the majority being related to the Ready Made Garments (RMG) industry, experienced a relatively low growth of 4.11%, this was offset by the continued strong growth of Import volumes which enjoyed an increase of 14.31% in same period.

While the Chittagong based Off-Docks, with their extensive infrastructure facilities, proven capacity and experienced management will continue to handle the major portion of the Country's Trade Volumes, the existing River Terminals as well as the new facilities being constructed near Dhaka shall also gain prominence in the coming years. The Govt. owned Pangaon Inland Container Terminal has shown strong growth of Import cargo volume and SAPL's own River Terminal at Muktarpur, Munshiganj has started contributing to Export cargo handing outside of the Chittagong Off-Docks.







With Chittagong Port facing challenges with capacity constraints, the River Terminals will offer a vital alternative in the immediate future for the Country's Trade growth to continue unhampered.

√ **Business Performance: Detail under 'Business Activities'**

- **Risks and Concerns**

Off-Dock operation is highly dependent on the efficiency of handling exports and imports by Chittagong Port that generate from International trade of the Country. Therefore any disruption in Chittagong Port operation will have adverse impact on the trade volume of the Country and have consequential effect on the business of the Company. While Chittagong Port is facing capacity shortage contraints the Government has recognized the urgency of the matter and already undertaken fast-track projects like the Patenga Container Terminal and Bay Container Terminal to address the challenge. Besides the dependency on Chittagong Port, the project is close to the Bay of Bengal and thereby risking the possibility of being affected by sea driven natural calamities. However the recently constructed protection embankment by the Bangladesh Water Development Board (BWDB) has reduced this risk greatly. Furthermore the same embankment has been earmarked to be part of the Asian Super Highway which should lead to further strengthening of the structure and thereby minimizing any potential risk from sea driven calamities.

The River Terminals are also highly dependent on Chittagong Port to carry out the necessary transshipment container movement and will therefore be affected by any delays to the planned expansion works being carried out by Chittagong Port. Unlike the Off-Docks the River Terminals have the advantage and opportunity of trade activities directly with Bangladesh's neighboring countries, whereby Chittagong Port will not have to be used.

Finally, all Off-Dock and River Terminal Companies are dependent on renewing permission/clearance from Chittagong / Pangaon Custom House (NBR), Chittagong Port Authority and various other relevant Government Agencies. Delay at any stage can have consequential effect in smooth continuation of the operation.

- **Financial Performance**

Consolidated Operating Revenue of the company for the current financial period of 18 months to 30th June

2017 was Tk.1,873.m compared to Tk.1,019.8m of preceding 12 month period ended on 31st December 2015.

- **Extra-Ordinary Gain or Loss**

  During the current financial year under report, the financial result includes:

  ➢ Interest expense for the current period amounted to Tk.203.6m against Tk.21.4m of the preceding year for the reason that effective from July 2016 interest on loan obtained for development of River Terminal facility and procurement of Equipment is charged to Profit or Loss Statement in compliance with provision of BAS-23: Borrowing Cost.

  ➢ Loss on Trial Operation of the River Terminal Operation of Tk.38.7m

- **Related Party Transaction**
  Refer to Note-35 on Financial Statements.

- **Utilization of proceeds from IPO**
  Not applicable

- **Explanation of financial results after IPO**
  Not applicable

- **Significant variance between Quarterly and Annual Financial Statements**
  Other than issues detailed under 'Extra-Ordinary Gain or Loss there is no other significant variance between Quarterly and Annual financial statements.

- **Remuneration of Directors**

  Remuneration, performance and other related perquisites/benefits of Executive Directors are reviewed annually and approved by the Chairman and Managing Director. Non-Executive Directors including Independent Directors are paid only attendance fee per meeting.

- **Financial Reporting Framework**

  ➢ The Financial Statements prepared by the management of the Company present fairly its State of Affairs, the result of Operations, Cash Flows and Changes in Equity.

  ➢ Proper Books of Accounts have been maintained.

  ➢ Appropriate Accounting Policies have been consistently applied in preparation of the Financial Statements and that the Accounting estimates are based on reasonable and prudent judgment.

  ➢ International Accounting Standards (IAS) and International Financial Reporting Standards (IFRS), as applicable in Bangladesh have been followed in preparation of the Financial Statements.

  ➢ The Company maintains a sound Internal Control System which gives reasonable assurance against any material misstatement. The internal control system is regularly reviewed by the Company's Internal Audit Team.

  ➢ There are no significant doubts upon the Company's ability to continue as a Going Concern.

  ➢ Significant deviations from the last year's operating results of the Company, if any, have been highlighted herein before in this Report with reasons given as appropriate.

  ➢ Key operating and financial data of immediately preceding 5(five) years has been summarized in **Annexure-2.**

  ➢ Significant plans and decisions, such as corporate restructuring, business expansion and discontinuance of operations as appropriate, future prospects, risks and uncertainties surrounding the company has been outlined under the related captions of this report;

  ➢ The number of Board meetings held during the year and attendance by each director has been disclosed;

  ➢ The pattern of shareholding has been reported to disclose the aggregate number of shares in **Annexure-3.**



# Directors

- **Directors' meeting & attendance**

During the financial year from 1st January 2016 to 30th June 2017, the Board of Directors held fourteen (14) meetings. Name of the Directors and the number of meetings attended by each are given below:

| Name of Directors | Attended | |
|---|---|---|
| Mr. Muhammed Aziz Khan | 13 | |
| Mrs. Anjuman Aziz Khan | 02 | |
| Mr. Jowher Rizvi | 14 | |
| Mr. Abdul-Muyeed Chowdhury | 08 | Independent Director from14-03-2012 |
| Mr. Lutfe Mawla Ayub | 10 | Independent Director from08-04-2013 |
| Mr. Advocate Imtiaz Mahmood | 08 | Independent Director from 14-09-2014 |
| Mr. Md. Latif Khan | 13 | |
| Ms. Ayesha Aziz Khan | 05 | |
| Ms. Azeeza Aziz Khan | 03 | |
| Mr. Faisal Karim Khan | 01 | |
| Mr. Syed Yasser Haider Rizvi | 13 | |
| Mr. Syed Nasser Haider Rizvi | 13 | |
| Mr. Syed Fazlul Haque | 12 | |
| Captain Asif Mahmood | 13 | |

The Directors who could not attend the meetings were granted leave of absence.

- **Directors' Election & re-appointment**

As per Article-42 of the Company's Articles of Association Mr. Muhammed Aziz Khan, Mr. Jowher Rizvi, Mrs. Anjuman Aziz Khan, Mr. Latif Khan and Mr. Lutfe Mawla Ayub shall retire in the 13th Annual General Meeting by rotation and being eligible, offer them for re-election. Besides, Board in exercise of its power vested in Article-42 of the Company's Articles of Association inducted Captain Kamrul Islam Mazumder as an additional Director as a nominee of Alliance Holdings Limited effective from 9th September 2017. Captain Mazumder also retires in the 13th AGM and being eligible offers himself for election.

- **Audit Committee**

**Audit Committee is comprised of Board members as under:**

| | | |
|---|---|---|
| 1. Mr. Abdul-Muyeed Chowdhury | Independent Director | Chairman |
| 2. Mr. Lutfe Mawla Ayub | Independent Director | Member |
| 3. Mr. Syed Yasser Haider Rizvi | Addl. Managing Director | Member |
| 4. Ms. Ayesha Aziz Khan | Director | Member |
| 5. Ms. Azeeza Aziz Khan | Director | Member |
| 6. Captain Asif Mahmood | Director | Member |

During the year under report, seven meetings of the Audit Committee were held.

## Statutory Auditors

A. Qasem & Co., Chartered Accountants, will retire in the ensuing AGM and being eligible, has offered for re-appointment for the next financial year ending on 30th June 2018. Your Board also recommended A. Qasem & Co. for re-appointment for the financial year 2017-18 and to continue in the office until holding of the 14th Annual General Meeting of the Company, subject to approval of the Shareholders in the forthcoming 13th Annual General Meeting







## Business Expansion

The merged company is the first Off-Dock company in the private sector and commenced operations in April 1986 in the name of Ocean Containers Limited. Since then your Board has been continuously striving to expand facilities and improve performance standard to accommodate the increased demand that arose from the confidence and trust our valued customers reposed on our high standard services. With the Chittagong and Munshiganj facilities combined, your company today has approx.78.50 acres of freehold land and has built Warehouse facilities of over 490,000sft for handling Export & Import cargo.Yard space of over 4 acre along with Export Warehouse of 150,000sft is presently under construction to cater to the additional demand for empty container storage. With the company's large client base, coupled with the consistent volume growth, your Board will continue to make all efforts to retain the existing clients, accommodate their growth and also procure further new clients.

A notable development in 2016-17 was the recognition by the Clients of the vital role being played by SAPL and the rest of the Industry which led to an overall tariff increase of 20% which will greatly help with the sustainability of the sector.

The Company’s River Terminal, by carrying trial shipments, proved to the Trade that container movement by the waterways is a viable solution and in anticipation




of the upcoming volume increase company has already procured 13.70 acre of adjacent land as well as starting construction of 45,000sft of Warehouse expansion. The recently signed Coastal Protocol Agreement between the Governments of Bangladesh and India will also provide strong business opportunities for cross-border cargo movement.

## Planned International Projects:

**Garden Reach Terminal in Kolkata, Gaighat and Kalughat Terminal in Patna:**

Participated in an International Tender floated in India by the Inland Water Authority of India (under the Capacity Augmentation of National Waterway-1 Project JalMargVikas Program of the Govt. of India). The tender will require the winning bidder to "Equip, Operate and Manage Inland Waterway transport (Terminal) at Garden Reach Terminal in Kolkata, Gaighat Terminal and Kalughat Terminal in Patna".

Given the large trade volume between Bangladesh and India we feel that having management control of Terminal(s) at India will strongly benefit the Importers and Exporters of Bangladesh, whereby SAPL can offer a seamless service of cargo movement and handling by offering a much needed alternate to the congested highways and instead using the river ways between India and Bangladesh.

**East Coast Terminal project in Colombo:**

Summit Alliance Port Limited has participated in a bid for Expression of “East Coast Terminal Project in Colombo interest as a member of the Consortium with CMA CGM Evergreen Marine Corporation (Taiwan) Ltd. and China Merchant Port Holdings Company Limited. In the event the Consortium is successful in the bid. A Special Purpose Vehicle Company will be formed in Sri Lanka where SAPL will hold 20% share in the equity.

Colombo plays a vital role in Bangladesh's export facilitation by providing Transshipment services whereby export containers are unloaded from the Feeder Vessels (plying from Chittagong to Colombo) and subsequently loaded onto large Mother Vessels bound for Europe and North America. With the Port facilities at Colombo close to saturation point the upcoming East Coast Terminal project will ensure that Bangladesh's exports are smoothly handled in the future.

SAPL, as the country's largest Inland Container Depot and Container Freight Station (Off-Dock) service provider with over 65 acre of freehold land and 645,000 sft of warehouse space. SAPL alone is facilitating the Foreign Exchange earning generation of the country by handling over USD 8 billion worth of export cargo per year and thereby providing a vital logistics service that is necessary for facilitating the country's growing exports.

## Going Concern

While approving the financial statements, Directors have made appropriate enquiries and analyzed the significant financial, operating as well as other indicators for enabling them to understand the ability of the company to continue its operations for a foreseeable period. Directors are convinced and have a reasonable expectation that







the company has adequate resources to continue its operation consistently for the foreseeable future. Therefore the company adopted the going concern basis in preparing these financial statements.

## Corporate Governance

Corporate Governance is the system through which companies are directed, guided and controlled by the Board, keeping in view its accountability to the shareholders. Your company strives to maintain full compliance with the laws, rules and regulations that govern the business and to uphold the highest standards.

Since corporate governance is not a static process, we always continue to improve our practices. A separate chapter on corporate governance has been reported in this Annual Report.

## Corporate Social Responsibility

As part of the ongoing commitment to the society and environment in which the Company conducts its business, SAPL remains promise bound to perform its obligation. We shall continue our drive to further promote social and environmental improvements whenever opportunity arises.

## Status of Compliance

In order to adhere to the requirements of International Financial Reporting Standards (IFRS), as adopted by Institute of Chartered Accountants of Bangladesh, and other applicable laws and regulations the following salient issues have been considered in preparing the financial statements of the Company:

a. Selection of suitable accounting policies and then applying them consistently

b. Making judgments and estimates that are reasonable and prudent

c. Ensure that the financial statements have been prepared in accordance with Bangladesh Financial Reporting Standards and comply with applicable regulations.

d. Preparation of financial statements on going concern basis







A status report on compliance as per the Commission's Notification No.SEC/CMRRCD/2006-158/134/Admin/44 dated 7th August 2012 is enclosed in Annexure-1.

## Human Resources Management

People are the most important resource and key to the success of any organization. To develop and equip the employees with key skills, the company places great emphasis on the development of its people and hence efforts are made to send our people to various training courses and workshop. In-house workshops are also arranged as and when required for updating knowledge on the respective functional areas.


## Acknowledgement

The trust and confidence that our valued customers bestow in us is our main driving force. We accept this trust in all humility and shall continue to strive to live up to the expectations. Board expresses its heartfelt thanks and gratitude to all the stakeholders including Investors, Clients, Suppliers, Banks & Financial Institutions, Insurance Companies, Service Providers, Bangladesh Securities & Exchange Commission, Registrar of Joint Stock Companies & Firms, Central Depository of Bangladesh Limited, Dhaka/Chittagong Stock Exchanges, various Government Authorities and agencies as well as Individuals who have helped us achieve what we are today.

Your Directors would like to put on record its deep appreciation of the efforts made by the employees of the Company. Their commitment and passion, both individually and through teamwork, have helped achieve SAPL that it is today. The Board also recognizes and appreciates the critical support provided by the families of the employees which enables them to focus on their work in SAPL.

We look forward to seeing you at our 13th Annual General Meeting.

On behalf of the Board of Directors



**Jowher Rizvi**
Managing Director

# পরিচালকবৃন্দের প্রতিবেদন

## ২০১৭ সালের ৩০শে জুন পর্যন্ত ১৮ মাসের শেয়ারহোল্ডারদের জন্য পরিচালকবৃন্দের প্রতিবেদন



প্রিয় শেয়ার হোল্ডারবৃন্দ,

আস্‌সালামুআলাইকুম ও শুভ সকাল,

সামিট এ্যালায়েন্স পোর্ট লিমিটেড (এসএপিএল) এর ১৩ তম বার্ষিক সাধারণ সভায় পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আপনাদের সবাইকে স্বাগত জানাচ্ছি। আপনারা সবাই এই ব্যাপারে অবগত আছেন যে, ২০১৫ সালে আর্থিক আইন অনুমোদনের ফলশ্রুতিতে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সেকসন-২(৩৫) ধারার পরিবর্তন হওয়াতে আয়কর প্রতিবেদনের সময়কাল জানুয়ারী-ডিসেম্বর এর পরিবর্তে জুলাই-জুন নির্ধারিত হয়। সে অনুযায়ী ১৮ মাসের অর্থাৎ ১লা জানুয়ারী ২০১৬ ইং হতে ৩০ শে জুন ২০১৭ সাল পর্যন্ত আর্থিক বিবরনী প্রস্তুত করতে হয়েছে। আপনাদের সামনে ১৮ মাসের অর্থাৎ ৩০ শে জুন ২০১৭ ইং তারিখে সমাপ্ত আর্থিক বছরের কোম্পানীর পরিচালনা কার্যক্রম এবং নিরীক্ষিত আর্থিক বিবরনী উপস্থাপন করতে পেরে আমরা আনন্দিত ।

পরিচালনা পর্ষদের প্রতিবেদন প্রনয়নের ক্ষেত্রে ১৯৯৪ সালের কোম্পানী আইনের ১৮৪ ধারা এবং ০৭ ইং আগস্ট, ২০১২ তারিখে প্রকাশিত বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং এসইসি / সিএমআরআরসিডি/২০০৬ - ১৫৮/১৩৪/ এডমিন /৪৪ অনুসরন করা হয়েছে।

## ব্যবসায়ীক কার্যক্রম

২০০৩ সালের ডিসেম্বরে প্রতিষ্ঠিত এসএপিএল, ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে এ তালিকাভুক্ত হয় ১৬ অক্টোবর ২০০৮ ইং এক্সচেঞ্জ সালে। কোম্পানীর মুল স্থাপনাসমূহ চট্টগ্রাম আন্তর্জাতিক বিমান বন্দর সড়ক সংলগ্ন পতেঙ্গা বাণিজ্যিক এলাকায় অবস্থিত (যার মধ্যে ভুতপূর্ব ওসিএল ডিপোও অন্তর্ভুক্ত আছে) সকল ডিপোসমুহের অনুকূলে গ্লোবাল সিকিউরিটি ভেরিফিকেশন (জিএসভি) সনদ রয়েছে এবং এই প্রতিষ্ঠানটি একটি নেতৃস্থানীয় আন্তর্জাতিক নেটওয়ার্ক, যেটা বৈশ্বিক সরবরাহ ব্যবস্থার সকল নিরাপত্তা উন্নয়নে এবং বাস্তবায়নে সহায়তা করে থাকে। জিএসভি এর সনদ এই বাস্তবতাই প্রতিষ্ঠা করেছে যে, কোম্পানীর যথাযথ নিরাপত্তা ব্যবস্থা রয়েছে যেটা আমেরিকার ব্যুরো অফ কাস্টমস্ এবং সিমান্ত নিরাপত্তার প্রতিবেদনে প্রকাশিত হয়েছে এবং এই নিরাপত্তা ব্যবস্থা আমাদের সকল স্থাপনাসমূহে এবং বৈদেশিক বানিজ্যে ও প্রতিপালিত হচ্ছে।

অত্র কোম্পানীর মুন্সিগঞ্জ জেলার মুক্তারপুরস্থ ধলেশ্বরী নদীর তীরে অবস্থিত নৌ-টার্মিনাল হতে পরীক্ষামূলকভাবে ২০১৬ সালের ২৮ ডিসেম্বরে প্রথম নৌ-পথে বানিজ্যিক ভিত্তিতে জাহাজ চলাচল শুরু করে। আমাদের এই নৌ-টার্মিনালটি দেশের মধ্যে এই প্রথম বেসরকারী খাতে কোম্পানীর নিজস্ব ১৫ একর জায়গায় স্থাপিত হয়েছে এবং সেখানে পানগাঁও কাস্টমস্ এর অধীনে (জাতীয়






রাজস্ব বোর্ডের ক্ষমতা বলে) কাস্টমস্ বন্ড লাইসেন্সের আওতায় সিএফএস (রপ্তানী/আমদানী পণ্য) এবং আইসিডি পরিচালনা করার অনুমতি রয়েছে। নেদারল্যান্ডের এফএমও এর বৈদেশিক স্বল্প সুদে ঋণ এবং ইডকল বাংলাদেশের ঋণের মাধ্যমে আমাদের এই প্রকল্পে অর্থায়ন করা হয়েছে। নৌ-টার্মিনালটির কার্যক্রম ভবিষ্যতে সম্প্রসারণের লক্ষ্যে অত্র কোম্পানী ইতিমধ্যে টার্মিনাল সংলগ্ন মোট ১৩.৭০ একর ভূমি ক্রয় করেছে।

কোম্পানীর সম্মানিত গ্রাহকদের মধ্যে মার্কস্ লাইন, এপিএল লজিষ্টিকস্, ড্যামকো, কুহনে+নাগেল, এক্সপোফ্রেইড, মেডিটারেনিয়ান শিপিং কর্পোরেশন, হ্যাপাগ লয়েড, এনওয়াইকে, ওওসিএল, সিএমএ-সিজিএম, মিৎসুই ও এসকে লাইন, পিআইএল, শিপিং কর্পোরেশন অফ ইন্ডিয়া, চায়না শিপিং লাইন, ইয়াং মিং লাইন, ইউপিএস, ডিএসভি ইত্যাদি এবং আরো অন্যান্য স্বনামখ্যাত মেইনলাইন অপারেটর এবং নেতৃস্থানীয় ফ্রেইড ফরওয়ার্ডারও রয়েছেন।

কোম্পানীর মূল কার্যক্রমের মধ্যে আইসিডি/সিএফএস এর মাধ্যমে চট্টগ্রাম ও মুন্সিগঞ্জ উভয় দিকে নদী পথে আমাদের সম্মানিত গ্রাহকদের নিম্নোবর্নিত সেবা প্রদান করা হয়:

১. অভ্যন্তরীন কন্টেইনার ডিপো: এই সেবার মধ্যে রয়েছে খালি কন্টেইনারসমূহ পরিবহন ও এসএপিএল এর ইয়ার্ডে সংরক্ষন এবং গ্রাহকের পরামর্শে তাদের নির্দেশিত স্থানে পুনরায় কন্টেইনার পরিবহন। তাছাড়াও কিছু বিধিবদ্ধ সেবা যেমন কন্টেইনারের অবস্থা সার্ভে, তার মেরামত ও রক্ষনাবেক্ষন এবং জীবাণুমুক্ত করা (ফিউমিগেশন) ইত্যাদি অত্র কোম্পানী প্রদান করে থাকে।

২. কন্টেইনার ফ্রেইট স্টেশন (সিএফএস): আমদানী ও রপ্তানীকৃত পণ্য পরিবহন ও মজুতকরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনা এবং এই ব্যবস্থায় যে সকল কার্যপরিচালনা বা গ্রাহক সুবিধা প্রদান করা হয়-

- গ্রহকদের কাছ থেকে রপ্তানী পণ্য গ্রহন, গৃহিত পণ্য সমূহের কোম্পানীর বন্ডেড ওয়ারহাউজে মজুদ করন, মজুতকৃত এই সকল পণ্যের, রপ্তানীর জন্য কাস্টমস্ সংক্রান্ত সকল দলিল দস্তাবেজ তৈরী ও অন্যান্য যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পন্নের মাধ্যমে এবং উক্ত পণ্যসমূহ কাস্টমস্ নির্দেশিত সকল কার্যক্রম সম্পাদন শেষে গ্রাহকের চাহিদা মোতাবেক চট্টগ্রাম বন্দরের কন্টেইনার পোর্ট ইয়ার্ড এ পৌছানো এমনকি জাহাজীকরন পর্যন্ত সুবিধা প্রদান।
- আমদানীকৃত পণ্যের কন্টেইনারের ক্ষেত্রে চট্টগ্রাম বন্দর থেকে কন্টেইনার খালাসকরন, কাস্টমস্ এবং আমদানীর

ক্ষেত্রে যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পন্নকরন শেষে কোম্পানীর ডিপোতে উক্ত পণ্য সমূহের আনস্টাফিং সম্পন্ন করে গ্রাহকদের চাহিদা অনুযায়ী সেগুলো নির্দিষ্ট গন্তব্যে পৌঁছানোর ব্যবস্থা করা।

**এসএপিএল (SAPL) এর দুটি সহকারী প্রতিষ্ঠান নিম্নরূপ:**

- **সেমকর লিমিটেড:** এসএপিএল (SAPL), কোম্পানীর প্রতিটির ১০ টাকা মূল্যের ১৭,৫৮,৩০০.০০ সাধারন শেয়ারের ০৪ টি ব্যতীত সকল শেয়ারের সত্তাধীকারী। সেমকর একটি প্রাইভেট লিমিটেড কোম্পানী যেটি ওয়াহীদ স্পিনিং মিলস্ লিমিটেড (WSML) এর ১০০% শেয়ারের মালিক যা এর উদ্যোগতাদের কাছ থেকে ১৯৯৯ সালের ১৯ শে সেপ্টেম্বর ক্রয় করে নেয়। ওয়াহীদ স্পিনিং মিলস্ লিমিটেড (WSML) একটি প্রাইভেট লিমিটেড কোম্পানী যা কোম্পানী আইন ১৯৯৪ অনুসরনে ১৯৯৯ সালের ৬ই সেপ্টেম্বর নিবন্ধিত হয়। সেমকর ও তার সহকারী প্রতিষ্ঠান WSML, কোম্পানী দুটিই বর্তমানে অপরিচালিত রয়েছে।




- **কন্টেইনার ট্রান্সপোর্টেশন সার্ভিসেস লিমিটেড (সিটিএসএল):** একটি প্রাইভেট লিমিটেড কোম্পানী যা কোম্পানী আইন ১৯৯৪ অনুসরনে ২০১৩ সালে ২৫ শে নভেম্বর গঠিত হয় যার ৯৯% শেয়ার এসএপিএল (SAPL) ধারন করে যার মুখ্য উদ্দেশ্য হবে আমদানী/ রপ্তানীকৃত কন্টেইনার, চট্টগ্রাম বন্দর ও অন্যান্য ডিপোর মধ্যে আনা-নেয়া করা। কোম্পানী সে লক্ষ্যে ৩০টি প্রাইম মুভার এবং সমসংক্ষক ট্রেলার আমদানী করে এবং ২০১৪ সালের মার্চ মাসের শেষ প্রান্তিকে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা শুরু করেছে।






# আর্থিক কার্যক্রম ও ফলাফল

গত বছরের তুলনায় খাত ওয়ারী আর্থিক ফলাফলের বিস্তারিত বিবরণ নিম্নে তুলে ধরা হলো:

হাজার টাকা

| বিবরন | ২০১৬-১৭<br>১৮ মাসের একীভুত অবস্থার বিবরন | ২০১৫<br>১২ মাসের একীভুত অবস্থার বিবরন |
|---|---|---|
| | মোট | মোট |
| আয় | ১,৮৭৩,৪০৮ | ১,০১৯,৭৮৭ |
| সেবা ব্যয় (পরিচালন ব্যয়) | (১,০৫৪,০০৭) | (৬৫৮,১৯৫) |
| **মোট লাভ** | **৮১৯,৪০১** | **৩৬১,৫৯২** |
| প্রশাসনিক ও বিপনন উন্নয়ন ব্যয় | (২০৪,১১৮) | (১২০,৫৮২) |
| **পরিচালন মুনাফা** | **৬১৫,২৮৩** | **২৪১,০১০** |
| অন্যান্য আয় | ৭,১২৫ | ২,৮৫২ |
| শেয়ার বিক্রি বাবদ মূলধন ক্ষতি | - | (১২,৮৪৮) |
| বাদ: আর্থিক ব্যয় | (২০৩,৫৭১) | (২১,৪২৫) |
| বাদ: বেনিফিসারিজ প্রফিট পার্টিসিপেশন এর লভ্যাংশের ভাগ | (১৮,৯১০) | (১০,৪০৩) |
| বাদ: পরীক্ষা মূলক নৌ-টার্মিনাল পরিচালনা জনিত ক্ষতি | (৩৮,৭০১) | - |
| **কর পূর্ববর্তী মুনাফা** | **৩৬১,২২৬** | **১৯৯,১৮৬** |
| আয় কর সঞ্চিতি | (৯০,৮৭৬) | (৩৬,৪০২) |
| বাদঃ ডেফার্ড ট্যাক্স প্রভিশন | (২২,৬৮৫) | (১৩,২০৪) |
| **কর পরবর্তী নীট মুনাফা** | **২৪৭,৬৬৫** | **১৪৯,৫৮০** |

আমাদের সম্মানিত শেয়ারহোল্ডারগন উপরের ছক থেকে দেখবেন যে, কোম্পানির পরিচালন মুনাফা (মূলত: চট্টগ্রাম অফ-ডক পরিচালনা) থেকে ২০১৫ সালের পরে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে কিন্তু নৌ-টার্মিনালের পরীক্ষামুলক পরিচালনাজনিত ক্ষতি এবং ঋণের সুদের সমন্বয়ের কারনে কর পরিশোধের পর নিট মুনাফার পরিমান সমহারে বৃদ্ধি পায়নি যদিও পূর্ববর্তী অর্থ-বছরের তুলনায় মুনাফা বৃদ্ধি ৬৬% এর অধিক প্রতিফলিত হয়েছে। বিভাজন/বন্টনের জন্য বর্তমান মুনাফার স্থিতি বিবেচনায় নিয়ে, কোম্পানীর পরিচালকগন নিম্নলিখিতভাবে বিভাজন/বন্টন সুপারিশ করে ৩০ শে জুন ২০১৭ ইং পর্যন্ত বর্তমান অর্থবছরে কোম্পানীর আর্থিক ফলাফলের প্রতিবেদন উপস্থাপন করছে:

**মুনাফার বণ্টন:**

হাজার টাকা

| | ২০১৬-১৭ |
|---|---|
| **সঞ্চিত আয়-২০১৭ইং সালের ৩০ শে জুন পর্যন্ত (আর্থিক বিবরণের নোট ১৭: পৃথক ভাবে)** | **৩৩৯,৬৯৮** |
| বাদ: ৯ই সেপ্টেম্বর ২০১৭ ইং তারিখের পর্ষদ সভায় অনুষ্ঠিত মুনাফা বন্টনের সুপারিশ অনুযায়ী ২০১৬-১৭ অর্থ-বছরের লভ্যাংশ : | |
| • নগদ লভ্যাংশ : ১৫% (২০১৫: নাই) | ৩৩৪,৯৩৭ |
| • ষ্টক লভ্যাংশ : নাই (২০১৫: ১০%) | - |
| **বন্টনের নিমিত্তে সুপারিশ পরবর্তী নীট অর্জিত আয়** | **৪,৭৬১** |

## লভ্যাংশ

২০১৭ইং সালের ২৫ শে অক্টোবর অনুষ্ঠিতব্য আসন্ন ১৩তম বার্ষিক সাধারন সভায় শেয়ার হোল্ডার গণের অনুমোদন সাপেক্ষ তাদের তালিকাভুক্তির তারিখ ২৭শে সেপ্টেম্বর ২০১৭ইং তে যাদের নাম সদস্য হিসেবে সিডিবিএল রেজিষ্টারে লিপিবদ্ধ হবে, সেসকল শেয়ারহোল্ডারগণের জন্য বিগত ২০১৭ ইং সালের ০৯ই সেপ্টেম্বরে অনুষ্ঠিত সভায় কোম্পানীর পরিচালনা পর্ষদ ১৫% নগদ লভ্যাংশ সুপারিশ করেছেন।

## ব্যবস্থাপনা পরিস্থিতি আলোচনা এবং বিশ্লেষণ

### বিদ্যমান শিল্পের দৃষ্টিভঙ্গী এবং সম্ভাব্য ভবিষ্যৎ উন্নয়ন

চট্টগ্রাম অফ-ডক স্থাপনটি দেশের বানিজ্যিক কার্যক্রমে এবং চট্টগ্রাম বন্দরের পরিচালনার সামর্থ্যের সাথে জড়িত বিধায় বিগত বছরগুলোর তুলনায় জানুয়ারী ২০১৬ ইং হতে জুন ২০১৭ পর্যন্ত এই ১৮ মাসে অব্যাহতভাবে দ্রুতলয়ে অভিজ্ঞতা অর্জন করে চলেছে। আলোচ্য অফ-ডকটির রপ্তানীর পরিমাণ, যার সিংহ ভাগই তৈরী পোশাাক শিল্প পণ্য হওয়াতে তুলনামুলকভাবে কম প্রবৃদ্ধি, ৪.১১% অর্জন করেছে। পাশাপাশি আমদানীর পরিমান অব্যাহতভাবে বৃদ্ধি পাচ্ছে এবং এর প্রবৃদ্ধির হার একই সময় ১৪.৩১% এবং এর ফলে রপ্তানীর পরিমান বাধাপ্রাপ্ত হচ্ছে।

একদিকে চট্টগ্রামস্থ অফ-ডক তাদের বিপুল স্থাপনা সুবিধার ভিত্তিতে, পরীক্ষিত সামর্থ্য ও অভিজ্ঞ ব্যবস্থাপনা নিয়ে দেশের বানিজ্যিক কার্যক্রমের এক বিরাট অংশ পরিচালনা করছে, অন্য দিকে ঢাকার মুক্তারপুরে নির্মিত নৌ-টার্মিনালটিও নতুন সকল সুবিধাদিসমেত আগামী বছরগুলোতে তার প্রাধান্য বজায় রাখবে। সরকারী মালিকানাধিন পানগাঁও অভ্যন্তরীন কন্টেইনার টার্মিনালটির আমদানী বানিজ্যে বিপুল প্রবৃদ্ধি অর্জন দৃশ্যমান হচ্ছে, আর এসএপিএল এর মালিকানাধীন মুন্সিগঞ্জ,মুক্তারপুরস্থ নৌ-টার্মিনালটি চট্টগ্রামস্থ অফ-ডকের বাহিরে ইতিমধ্যে রপ্তানী পণ্য পরিবহনে অবদান রাখতে শুরু করেছে।

যেখানে চট্টগ্রাম বন্দরে ইতিমধ্যে তার সামর্থ্যের সীমাবদ্ধতা দেখা দিয়েছে সেখানে আমাদের নৌ-টার্মিনালটি একটি গুরুত্বপূর্ণ বিকল্প হিসেবে দেশের নির্বিঘ্ন বানিজ্যিক প্রবৃদ্ধিতে অবদান রাখতে পারবে।

## বাণিজ্যিক কার্যক্রমে কৃতিত্বঃ (ব্যবসায়ীক কর্ম সম্পাদন) এর বিস্তারিত বিবরণ

- **ঝুঁকি এবং শংকা**

আন্তর্জাতিক বানিজ্যের ধারায় সংগতিপূর্ণ দেশের বানিজ্যিক কার্যক্রমে বেসরকারী অফ-ডক পরিচালনা চট্টগ্রাম বন্দরের রপ্তানী ও আমদানী পণ্য পরিবহনের সক্ষমতার মানের উপর সর্বোতভাবে নির্ভরর্শীল। তাই চট্টগ্রাম বন্দরে পরিচালনায় কোন ব্যাঘাত ঘটলে এর বিরুপ প্রতিক্রিয়া দেশের মোট বানিজ্যের পরিমানের উপর পড়বে এবং ফলশ্রুতিতে কোম্পানীর ব্যবসাও ব্যহত হবে। যেখানে চট্টগ্রাম বন্দরে সামর্থের বাহিরে স্থান সংকুলানের সমস্যা দেখা দিয়েছে, সরকার সেখানে এই সমস্যা স্বীকার করে ইতিমধ্যে জরুরি ভিত্তিতে এই সমস্যা মোকাবেলায় মূখ্য প্রকল্প হিসেবে পতেঙ্গা কন্টেইনার টার্মিনাল এবং বে-টার্মিনাল নির্মান হাতে নিয়েছে। চট্টগ্রাম বন্দরের উপর নির্ভরশীলতা ছাড়াও এই প্রকল্প গুলোর অবস্থান বঙ্গপোসাগরের নিকটবর্তী হওয়াতে প্রাকৃতিক দূর্যোগে ক্ষতি হওয়ার সম্ভাবনার ঝুঁকি রয়েছে । যাহোক, সম্প্রতি পানি উন্নয়ন বোর্ডের নির্মিত প্রতিরক্ষা বাধ নির্মানের ফলে এই ঝুঁকি বহুলাংশে কমে গিয়েছে। অধিকন্তু এশিয়ার উচ্চমানের মহা-সড়কটি একই বাঁধের উপর দিয়ে যাবে বলে বেছে নেয়া হয়েছে বিধায় স্থাপনার গঠন আরো মজবুত হবে, ফলে সমুদ্রতাড়িত দূর্যোগের সম্ভাব্য ঝুঁকিও অনেক কমে যাবে।

প্রয়োজনীয় কন্টেইনার শিপমেন্ট বা পরিবহনে আমাদের নৌ-টার্মিনাল চট্টগ্রাম বন্দরের উপর ভীষনভাবে নির্ভরশীল। তাই পরিকল্পনা মাফিক চট্টগ্রাম বন্দরের সম্প্রসারন প্রকল্প না হলে কন্টেইনার পরিবহনে বিলম্ব হতে পারে। ফলে এই কার্যক্রম ব্যহত হবে। বাংলাদেশের পার্শ্ববর্তী দেশের সাথে বানিজ্যিক কার্যক্রম অব্যাহত রাখার সুযোগ ও সুবিধা দু'টোই আমাদের নৌ-টার্মিনালের আছে যা অফ-ডকের মত নয়, সে ক্ষেত্রে চট্টগ্রাম বন্দর ব্যবহার না করলে ও চলবে।

সর্বশেষে, কোম্পানীর মালিকানাধীন সকল অফ-ডক এবং নৌ-টার্মিনাল সমূহের অনুমতি/ছাড়পত্র এর নবায়নের জন্য চট্টগ্রাম বন্দর/পানগাঁও কাস্টমস্ হাউজ (জাতীয় রাজস্ব বোর্ড)





ছাড়াও সংশ্লিষ্ট বিভিন্ন সরকারী সংস্থার উপর নির্ভশীল। এই কাজে কোন স্তরে বিলম্বের ফলশ্রুতিতে সুষ্ঠ পরিবহন ব্যবসায় ব্যাঘাত ঘটবে।

- **আর্থিক কর্ম সম্পাদনায় কৃতিত্ব:**
  ৩০শে জুন ২০১৭ ইং পর্যন্ত চলতি আর্থিক সময়কাল, এই ১৮ মাস জুড়ে কোম্পানীর সমন্বিত পরিচালন রাজস্ব হচ্ছে ১,৮৭৩.০০ মিলিয়ন টাকা যেটা ৩১শে ডিসেম্বর ২০১৫ ইং পর্যন্ত ১২ মাস জুড়ে, পূর্ববর্তী বছরের ছিল ১,০১৯.৮০ মিলিয়ন টাকা।

- **অসাধারন লাভ (অর্জন) বা ক্ষতি:**
  চলতি আর্থিক বছর জুড়ে আর্থিক কার্যক্রমের ফলাফল নিম্নে দেয়া হল:

➢ সুদ জনিত ব্যয় যেটা পূর্ববর্তী বছরের ২১.০৪ মিলিয়ন টাকার তুলনায় বর্তমান সময়ে দাড়িয়েছে ২০৩.৬ মিলিয়ন টাকা। এটা এই কারনে যে, নৌ-টার্মিনালের স্থাপনা সুবিধাদি বাস্তবায়ন এবং যন্ত্রপাতি ক্রয়ে ব্যয় নির্বাহের জন্য লদ্ধ ঋণের বিপরীতে, জুলাই ২০১৬ ইং থেকে কার্যকরী সুদ যেটা বিএএস-২৩ ধারার বাধ্যবাধকতা পরিপালনে ঋণ প্রাপ্তির ব্যয় হিসাবে লাভ বা ক্ষতির সাথে সংযোজিত হবে।

➢ পরীক্ষামূলকভাবে নৌ-টার্মিনাল পরিচালনার ফলে সৃষ্ট ৩৮.৭০ মিলিয়ন টাকার ক্ষতি।

- **সংশিষ্ট পার্টির সাথে লেনদেন**
  আর্থিক বিবরনীর নোট -৩৫ এ উল্লেখ করা হয়েছে।

- **আইপিও থেকে প্রাপ্ত অর্থের সদ্ধবহার**
  প্রযোজ্য নয়

- **আইপিও পরবর্তী আর্থিক ফলাফলের ব্যাখ্যা**
  প্রযোজ্য নয়

- **ত্রৈ-মাসিক এবং বার্ষিক আর্থিক বিবরনীর মধ্যে প্রনিধানযোগ্য পার্থক্য**
  অসাধারন লাভ (অর্জন) বা ক্ষতি ব্যতিরেকে ত্রৈ-মাসিক এবং বার্ষিক আর্থিক বিবরনীর মধ্যে কোন প্রনিধানযোগ্য পার্থক্য নেই।

- **পরিচালকবৃন্দের প্রনোদনা**
  পরিচালকবৃন্দের প্রনোদনা, কার্যনির্বাহী ক্ষমতা এবং অন্যান্য আনুতোষিক ভাতা/সুবিধাদি প্রতিবছর পর্যালোচনা করা হয় যেটা মাননীয় চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক অনুমোদন করেন। স্বাধীন পরিচালকসহ সকল অনির্বাহী পরিচালক বৃন্দকে প্রতিটি সভায় উপস্থিতির জন্য নির্ধারিত ফি পরিশোধ করা হয়।



- **আর্থিক প্রতিবেদনের উপকরণ**

➢ কোম্পানীর ব্যবস্থাপনা পর্ষদের প্রস্তুতকৃত আর্থিক বিবরনীতে খুব জোড়ালোভাবে কর্ম পদ্ধতির বর্তমান অবস্থা, পরিচালনার ফলাফল, নগদ অর্থ প্রবাহ এবং বন্ধকী জামানতের পরিবর্তন তুলে ধরা হয়েছে।

➢ হিসাব-নিকাশের জন্য যথাযথভাবে বই সংরক্ষন করা হচ্ছে।

➢ আর্থিক বিবরনী প্রস্তুত করতে নিরবিচ্ছিন্নভাবে নিখুঁত হিসাব নিকাশের পদ্ধতি অনুস্বরণ করা হচ্ছে। হিসাব-নিকাশের মূল্যমান (এস্টিমেট) নিরুপনের ভিত্তি হচ্ছে যৌক্তিকতা ও বিচক্ষনতা।

➢ আর্থিক বিবরনী প্রস্তুত করতে আন্তর্জাতিক এ্যাকাউন্টিং ষ্ট্যান্ডার্ড (আইএএস) এবং আন্তর্জাতিক ফিন্যানশিয়াল রিপোর্টিং ষ্ট্যান্ডার্ড (আইএফআরএস) যা বাংলাদেশেও প্রযোজ্য- এই পদ্ধতি অনুস্বরণ করা হচ্ছে।

➢ আপনাদের কোম্পানীতে অভ্যন্তরীনভাবে একটি বিচক্ষন নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রচলন করেছে যাতে কোন অসঙ্গত বিবরনী অন্তুর্ভক্ত না হয় তার নিশ্চয়তা প্রদান করেছে। উক্ত অভ্যন্তরীন নিয়ন্ত্রন ব্যবস্থা কোম্পানীর নিজস্ব নিরীক্ষা দল দ্বারা নিয়মিত পর্যালোচনা করা হচ্ছে।

➢ অগ্রগামী প্রতিষ্ঠান হিসেবে কোম্পানীর সক্ষমতার বিষয়ে কোন প্রনিধানযোগ্য সংশয় নাই।

➢ পূর্ববর্তী বছরে কোম্পানী পরিচালনার সাফল্যে প্রনিধানযোগ্য কোন বিচ্যুতি যদি থাকে, তার গুরুত্ব সহকারে সঠিক যুক্তি দিয়ে উপস্থাপিত প্রতিবেদনে তুলে ধরা হয়েছে।

➢ পূর্ববর্তী পাঁচ বছরে মূখ্য পরিচালন ও আর্থিক তথ্যাদি সংক্ষেপে এনেক্সার - ২ তে সন্নিবেশিত করা হয়েছে।

➢ যৌথ অংশীদারিত্বের (কর্পোরেট) পুনর্বিন্যাশ, ব্যবসা সম্প্রসারন এবং চলমান পরিচালনায় বন্ধাত্ব ইত্যাদি বিষয়ে প্রনিধানযোগ্য পরিকল্পনা ও সিদ্ধান্ত সঠিকভাবে গ্রহন করা হয়েছে। ভবিষ্যতে কাঙ্খিত সম্ভাবনা (প্রোসপেক্ট), ঝুঁকি এবং কোম্পানীকে ঘিরে অনিশ্চয়তা সু-চারুভাবে মূল প্রতিপাদ্য হিসেবে এই প্রতিবেদনে তুলে ধরা হচ্ছে।

➢ চলতি আর্থিক বছর জুড়ে পরিচালক পর্ষদের অনুষ্ঠিত সভার সংখ্যা এবং পরিচালকদের উপস্থিতির বিষয় প্রকাশ করা হয়েছে।

➢ প্রতিবেদনে সম্মিলিত শেয়ারের সংখ্যা প্রকাশের জন্য শেয়ারহোল্ডিং এর একটি আদর্শরীতি (প্যাটার্ন) পেশ করা হয়েছে এনেক্সার -৩ এ।



## পরিচালকমন্ডলী

- পরিচালকমন্ডলীর সভা ও উপস্থিতি

  ২০১৭ সনের ৩০শে জুন পর্যন্ত পরিচালক পর্ষদের ১৪ (চৌদ্দ) টি সভা অনুষ্ঠিত হয়েছে। পরিচালকমন্ডলীর নাম ও সভায় তাদের উপস্থিতির বিবরন নিন্মে প্রদান করা হলঃ

| পরিচালকদের নাম | উপস্থিতি | |
|---|---|---|
| জনাব মোহাম্মদ আজিজ খাঁন | ১৩ | |
| জনাবা আঞ্জুমান আজিজ খাঁন | ০২ | |
| জনাব জওহর রিজভী | ১৪ | |
| জনাব আবদুল মূয়ীদ চৌধুরী | ০৮ | ১৪-০৩-২০১১২ হতে স্বাধীন পরিচালক |
| জনাব লুতফে মাওলা আইয়ূব | ১০ | ০৮-০৪-২০১৩ হতে স্বাধীন পরিচালক |
| জনাব এডভোকেট ইমতিয়াজ মাহমুদ | ০৮ | ১৪-০৯-২০১৪ হতে স্বাধীন পরিচালক |
| জনাব লতিফ খাঁন | ১৩ | |
| জনাবা আয়শা আজিজ খাঁন | ০৫ | |
| জনাবা আজিজা আজিজ খাঁন | ০৩ | |
| জনাব ফয়সাল করিম খাঁন | ০১ | |
| জনাব সৈয়দ ইয়াসের হায়দার রিজভী | ১৩ | |
| জনাব সৈয়দ নাসের হায়দার রিজভী | ১৩ | |
| জনাব সৈয়দ ফজলুল হক | ১২ | |
| ক্যাপ্টেন আসিফ মাহমুদ | ১৩ | |

যে সকল পরিচালক সভায় উপস্থিত হতে পারেননি তাদের অনুপস্থিতির জন্য ছুটি মঞ্জুর করা হয়েছে।

## পরিচালকমন্ডলীর নির্বাচন ও পুণঃনিয়োগ

কোম্পানীর সংঘস্বারকের ধারা-৪২ অনুযায়ী জনাব মুহাম্মদ আজিজ খাঁন, জনাব জওহর রিজভী, জনাবা আঞ্জুমান আজিজ খাঁন, জনাব লতিফ খাঁন এবং জনাব লুৎফে মাওলা আইয়ূব ১৩ তম বার্ষিক সাধারন সভার ধারাবাহিকতায় অবসর গ্রহন করবে এবং যোগ্যতার বিবেচনায় তাদের পুণ:নির্বাচনের প্রস্তাব দেওয়া হবে। তাছাড়াও কোম্পানীর সংঘস্বারকের ধারা-৪২ এর ক্ষমতাবলে ০৯ই সেপ্টেম্বর ২০১৭ ইং তারিখ হতে এ্যালায়েন্স হোল্ডিংস লিমিটেডের নমিনী হওয়ার সুবাদে একজন অতিরিক্ত পরিচালক হিসেবে ক্যাপ্টেন কামরুল ইসলাম মজুমদারকে পর্ষদ অধিভুক্ত করবেন। অবশ্য ক্যাপ্টেন কামরুল ইসলাম মজুমদার ১৩তম বার্ষিক সাধারন সভায় অবসর গ্রহন করবেন এবং যোগ্যতার বিবেচনায় পুণ:নির্বচনের জন্য প্রস্তাব দেওয়া হবে।

## নিরিক্ষা কমিটি

**নিরীক্ষা কমিটি নিন্মলিখিত বোর্ড সদস্য দ্বারা গঠিত:**

| | | |
|---|---|---|
| ০১ জনাব আবদুল মূয়ীদ চৌধুরী | স্বাধীন পরিচালক | সভাপতি |
| ০২ জনাব লুতফে মাওলা আইয়ূব | স্বাধীন পরিচালক | সদস্য |
| ০৩ জনাব সৈয়দ ইয়াসের হায়দার রিজভী | অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক | সদস্য |
| ০৪ জনাবা আয়শা আজিজ খাঁন | পরিচালক | সদস্য |
| ০৫ জনাবা আজিজা আজিজ খাঁন | পরিচালক | সদস্য |
| ০৬ ক্যাপ্টেন আসিফ মাহমুদ | পরিচালক | সদস্য |

চলতি বছরে নিরীক্ষা কমিটির ৭ (সাতটি) সভা অনুষ্ঠিত হয়।

## বিধিবদ্ধ নিরীক্ষক

এ. কাসেম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্ট আসন্ন বার্ষিক সাধারন সভায় অবসর গ্রহন করবে এবং যোগ্যতার বিবেচনায় ৩০ শে জুন ২০১৮ ইং সালে সমাপ্ত পরবর্তী বছরের জন্য পুণ:নিয়োগের প্রস্তাব দেয়া হবে। আপনাদের পর্ষদ অবশ্য এ. কাসেম এন্ড কোং কে ২০১৭-২০১৮ইং অর্থ বছরের জন্য পুণ:নিয়োগের সুপারিশ করছে এবং ১৩তম বার্ষিক সাধারন সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন সাপেক্ষে এ. কাসেম এন্ড কোং কে ১৪তম বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত না হওয়া পর্যন্ত তাদের কাজ চালিয়ে যাবেন।

## ব্যবসা-বাণিজ্য সম্প্রসারন

১৯৮৬ সনের এপ্রিল মাসে ওসেন কন্টেইনার লিমিটেড বেসরকারী পর্যায়ে প্রথম অফ-ডক হিসাবে বাণিজ্যিক কার্যক্রম শুরু করে। বর্তমানে অত্র কোম্পানীটি তার মূল কোম্পানীতে একত্রিত হয়েছে। আপনাদের পরিচালনা পর্ষদ কোম্পানীর সেবা প্রদান ও প্রাত্যহিক কার্যক্রমের মান এবং সেবার মান উন্নয়নে অবিরত নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন যা সম্মানিত গ্রাহকদের বিশ্বাস ও উত্তোরোত্তর আস্থা অর্জনে ভুমিকা পালন করে। চট্টগ্রাম ও মুন্সিগঞ্জ, মুক্তারপুরে অবস্থিত স্থাপনা সমূহ একত্রে আজ আপনাদের কোম্পানির নিজস্ব মালিকানাধীন জায়গার পরিমাণ দাড়িয়েছে ৭৮.৫০ একর এবং সেখানে রপ্তানী ও আমদানী পণ্যের জন্য ৪,৯০,০০০ বর্গফুটের উপরে একটি গুদাম ঘরের সুবিধা নির্মিত হয়েছে। রপ্তানী পণ্যের সুবিধার্থে ১,৫০,০০০ বর্গফুট বিশিষ্ট একটি গুদাম ঘর নির্মানাধীন আছে। তাছাড়াও অতিরিক্ত খালি কন্টেইনারের স্থান সংকুলানের জন্য ৪.০ একরের অধিক জায়গার খোলা ইয়ার্ড রয়েছে। আপনাদের কোম্পানীর গ্রাহক সমাবেশ অনেক বিশাল এবং তাদের উত্তোরোত্তর সম্প্রসারনশীল বানিজ্যের চাহিদা পুরন করতে এবং সর্বোপরি আরো নুতন গ্রাহককে সন্নিবেশ করতে আপনাদের পর্ষদ জোর প্রচেষ্টা চালিয়ে যাবে।

এসএপিএল এই খাতে একটি গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করছে। গ্রাহকদের এই স্বীকৃতি নিয়ে ২০১৬-২০১৭ইং সালে উল্লেখযোগ্য উন্নয়ন করা হয়েছে এবং এর ফলে শিল্পখাতে ট্যারিফ প্রবৃদ্ধি হয়েছে ২০% যেটা এই খাতকে টেকসই করার জন্য প্রভুত অবদান রাখছে।

পরীক্ষামূলকভাবে কন্টেইনার শিপমেন্ট এর মাধ্যমে কোম্পানীর নৌ-টার্মিনাল প্রমান করেছে যে এই খাতে নৌ-পথে বানিজ্য একটি প্রতিযোগিতাপূর্ণ কার্যকরী মাধ্যম ও সমাধান এবং আগামী দিনের বানিজ্য প্রবৃদ্ধির বিষয় বিবেচনায় নিয়ে আপনাদের কোম্পানী ইতিমধ্যেই টার্মিনাল সংলগ্ন ১৩.৭০ একর জায়গা আহরন করেছে এবং সম্প্রসারনের জন্য ৪৫ হাজার বর্গফুটের অতিরিক্ত গুদামঘর নির্মান কাজ শুরু করেছে। বাংলাদেশ এবং ভারতের মধ্যে অতি সম্প্রতি স্বাক্ষরিত উপকুলীয় নৌ-প্রটোকল চুক্তির ফলে সিমান্তের এপার-ওপার পণ্য পরিবহনের বিপুল সুযোগের দ্বার উন্মোচিত হয়েছে।

## আন্তর্জাতিক প্রকল্পে কোম্পানীর পরিকল্পনা

**কলকাতায় গার্ডেন রিচ এবং পাটনায় গাইঘাট ও কালুঘাট টার্মিনাল:**

ভারতের অভ্যন্তরীন জল কর্তৃপক্ষের অধীনে একটি আন্তর্জাতিক প্রকল্পে আপনাদের কোম্পানী অংশ গ্রহন করেছে (এটা ভারতের জলমার্গ বিকাশ কর্মসুচির অংশ হিসেবে জাতীয় নৌপথ -১ এর সক্ষমতা বৃদ্ধির প্রয়াশ)। এই দরপত্রের জয়ী কোম্পানীকে কলকাতায় গার্ডেন রিচ এবং পাটনায় গাইঘাট ও কালুঘাট টার্মিনাল সমূহকে অভ্যন্তরীন নৌ-পরিবহনের জন্য যন্ত্রপাতি স্থাপন, পরিচালনা ও ব্যবস্থাপনার দ্বায়িত্ব নিতে হবে। বর্তমানে বাংলাদেশ ও ভারতের মধ্যে যে বিপুল পরিমান বানিজ্য রয়েছে তাতে আমরা অনুভব করছে যে, ভারতে এই টার্মিনাল সমূহ পরিচালনার নিয়ন্ত্রন পাওয়া গেলে, বাংলাদেশের আমদানী ও রপ্তানী কারকগনের জন্য বিরাট সুবিধা হবে এবং যানযটে ভারাক্রান্ত সড়কের বিকল্প হিসেবে অতি প্রতিক্ষিত নৌ-পথে এসএপিএল বিরামহীন সেবা প্রদান করতে পারবে। উপরন্তু বাংলাদেশ ও ভারতের নৌ-পথও সচল হবে।

**কলম্বোতে (শ্রীলংকা) ইস্টকোস্ট টার্মিনাল প্রকল্প:**

সামিট এ্যালাইন্স পোর্ট লিমিটেড এই প্রকল্পের এক্সপ্রেশন অব ইন্টারেষ্ট (অংশগ্রহনমুলক ইচ্ছা প্রকাশ) দরপত্রের সিএমএ-সিজিএম, এভারগ্রীন মেরিন কর্পোরেশন (তাইওয়ান) লিমিটেড এবং চায়না মার্চেন্ট পোর্ট হোল্ডিংস কোম্পানী লিমিটেড এর সমন্বয়ে যৌথ অংশিদারিত্ব (জয়েন্ট ভ্যাঞ্চার কনসোর্টিয়াম) এর একজন সদস্য হিসেবে অংশ গ্রহন করেছে। এই কনসোটিয়ামটি দরপত্রে সফল ভাবে উত্তীর্ণ হলে শ্রীলংকায় সেই অনুযায়ী স্পেশাল পারপাস

ভেহিক্যাল কোম্পানী গঠন করতে হবে এবং সেখানে অংশীদারিত্বে এসএপিএল এর ২০% মালিকানা থাকবে।

ট্রান্সশিপমেন্ট সেবা দিয়ে বাংলাদেশের রপ্তানী বানিজ্যে কলম্বো বন্দর খুব গুরুত্বপূর্ন ভুমিকা পালন করছে। এই সেবার মধ্যে রপ্তানী পণ্যবাহী কন্টেইনার সমূহ ফিডার জাহাজ (চট্টগ্রাম-কলম্বোর মধ্যে যাতায়াতকারী জাহাজ) থেকে নামানো হয়, পরবর্তীতে ইউরোপ ও উত্তর আমেরিকাগামী বড় জাহাজে (মাদার ভেসেল) উঠানো হয়। কলম্বোতে বন্দর সুবিধাদির সক্ষমতার এক পর্যায়ে ঘাটতি দেখা দিলে নবাগত এই ইস্টকোস্ট টার্মিনাল প্রকল্পই ভবিষ্যতে বাংলাদেশের অবাধ রপ্তানী বানিজ্য নিশ্চিত করবে।

দেশের সর্ববৃহৎ অভ্যন্তরীন স্থলবন্দর এবং কন্টেইনার ফ্রেইট ষ্টেশন (অফ-ডক) এর সেবা দানকারী প্রতিষ্ঠান হিসেবে এসএপিএল এর বর্তমানে চট্টগ্রামে ৬৫ একর নিজস্ব জায়গা এবং ৬,৪৫,০০০ বর্গফুটের গুদামঘরের সংস্থান আছে। প্রতি বছর প্রায় ৮বিলিয়নের মার্কিন ডলারের অধিক রপ্তানী পণ্য পরিবহন করে এসএপিএল একাই দেশের জন্য বৈদেশিক মুদ্রা অর্জনের সুবিধা সৃষ্টির প্রবাহ বজায় রেখেছে। পণ্য পরিবহনের এই গুরুত্বপূর্ন সেবার মাধ্যমে দেশের উত্তোরোত্তর বর্ধনশীল রপ্তানী বানিজ্যের প্রয়োজন মিটাচ্ছে।

## চলমান ব্যবসা নীতি

অত্র আর্থিক বিবরণী অনুমোদনের প্রাক্কালে পরিচালকবৃন্দ কোম্পানীর তাৎপর্যপূর্ণ আর্থিক পরিচালন এবং অন্যান্য প্রভাব বিস্তারকারী উপাদান সমূহের যথাযথ অনুসন্ধান ও বিশ্লেষণ পূর্বক এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে কোম্পানী তার বর্তমান কার্যক্রম ভবিষতেও অব্যাহত রাখতে সক্ষম হবে। চলমান ব্যবসা নীতি অনুস্বরণ করে অত্র বছরের আর্থিক বিবরণী সমূহ প্রস্তুত করা হয়েছে।

## কর্পোরেট অনুশাসন

কর্পোরেট অনুশাসন হচ্ছে এমন একটি পদ্ধতি যেখানে কোম্পানীর যাবতীয় কার্যাবলী শেয়ার হোল্ডারদের প্রতি জবাবদিহিতার বিষয়টি বিবেচনায় রেখে পরিচালনা পর্ষদ কর্তৃক কোম্পানীগুলোকে নির্দেশনা, পরিচালনা এবং নিয়ন্ত্রণ করা হয়। কোম্পানী তার উপর প্রযোজ্য সকল প্রকার নিয়ম কানুন মেনে চলে এবং সর্বোচ্চ সেবার মান বজায় রেখে ব্যবসা পরিচালনা করছে।

যেহেতু কর্পোরেট অনুশাসন কোনরূপ স্থির প্রক্রিয়া নয়, সেহেতু আমরা সবসময় উক্ত প্রক্রিয়াকে সময় উপযোগী করার চেষ্টা করি। কর্পোরেট অনুশাসন বিষয়টি বার্ষিক প্রতিবেদনে আলাদা ভাবে প্রতিবেদন আকারে দেয়া হয়েছে।

## কর্পোরেট সামাজিক দ্বায়বদ্ধতা

সমাজ ও পরিবেশের প্রতি দায়বদ্ধতার নিরিখে কোম্পানী ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার জন্য অঙ্গীকারাবদ্ধ। চলমান অঙ্গীকারের অংশ হিসেবে ভবিষ্যতেও কোম্পানী সমাজ এবং পরিবেশের উন্নয়নের স্বার্থে কার্যক্রম চালিয়ে যাবে।



## সামাজিক দায়বদ্ধতা অনুস্বরণের বাধ্যবাধকতা

দি ইনস্টিটিউট অব চার্টার্ড এ্যাকাউনটেন্টস অব বাংলাদেশ কর্তৃক গৃহীত আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদনের মান (আইএফআরএস) বজায় রাখার এবং অন্যান্য প্রযোজ্য নিয়মকানুন যা কোম্পানীর একটি নির্দিষ্ট সময়ের কার্যকলাপ এবং আর্থিক অবস্থা উপস্থাপনের জন্য অত্যাবশ্যক। নিম্নোক্ত অত্যাবশ্যকীয় বিষয়গুলো বিবেচনায় রেখে অত্র কোম্পানীর আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে:

১. উপযুক্ত হিসাবরক্ষণ পলিসি নির্বাচন এবং তাদের সামঞ্জস্যপূর্ণভাবে অনুস্বরণ।

২. কোন বিষয়ে বিচার বিশ্লেষণ ও মূল্যায়ন হতে হবে যুক্তি সংগত ও প্রজ্ঞা সম্পন্ন।

৩. আর্থিক প্রতিবেদন সমূহ বাংলাদেশ ফাইনান্সিয়াল রিপোর্টিং ষ্ট্যান্ডার্ড এবং প্রযোজ্য অন্যান্য আইন কানুন অনুসরণ করে প্রস্তুত করণ।

৪. চলমান ব্যবসা নীতি অনুস্বরণ করে আর্থিক বিবরণী প্রস্তুত করণ।

কমিশনের নোটিফিকেশন নং এসইসি/ সিএমআরআরসিডি/ ২০০৬-১৫৮/১৩৪/প্রশাসন/৪৪ তারিখ: ০৭-০৮-২০১২ইং অনুযায়ী এই বাধ্যবাধকতার উপর একটি স্টেটাস প্রতিবেদন এনেক্সার -১ এ যুক্ত করা হল।

## মানব সম্পদ ব্যবস্থাপনা

সাধারন মানুষই সবচেয়ে গুরুত্বপূর্ণ সম্পদ এবং যেকোন প্রতিষ্ঠানের সাফল্যের জন্য ইহা একটি মূল চাবিকাঠি। কোম্পানীতে নিয়োজিত কর্মীদের দক্ষতা উন্নয়নে কোম্পানী যথেষ্ট গুরুত্ব দিচ্ছে এবং তাদেরকে বিভিন্ন কোর্স ও ওয়ার্কশপে প্রশিক্ষনের জন্য দেশে বিদেশে প্রেরনের চেষ্টা করছে। এছাড়াও তাদের নিজ নিজ কর্মক্ষেত্রে দক্ষতা উন্নয়নের জন্য কোম্পানীর অভ্যন্তরেও প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করা হয়।

## কৃতজ্ঞতা স্বীকার

অত্র কোম্পানীর মূল্যবাণ গ্রাহকগণ আমাদের উপর আস্থা ও বিশ্বাস স্থাপন করেছেন যা আমাদের চালিকাশক্তি। এই অবস্থাকে আমরা পরম শ্রদ্ধার সাথে গ্রহণ করছি এবং তাদের প্রত্যাশা অনুযায়ী প্রচেষ্টা চালিয়ে যাবো। পরিচালনা পর্ষদ অন্তরের অন্তঃস্থল থেকে সকল ষ্টেক হোল্ডার যথা বিনিয়োগকারী গ্রাহক, সরবরাহকারী, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, ইন্স্যুরেন্স কোম্পানী, সেবা প্রদানকারী সংস্থা বিএসইসি, রেজিষ্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ, সিডিবিএল, সিএসই, ডিএসই ও বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান এর নিকট কৃতজ্ঞতা জানাচ্ছে। যাদের সর্বাত্নক সাহায্য সহযোগীতায় আজ আমরা এতদূর এগিয়ে এসেছি।

আপনাদের পরিচালকগণ প্রতিষ্ঠানের কর্মচারীদের অবদানের কথা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছে। তাদের ব্যক্তিগত ও যৌথ অবদান কোম্পানীকে বর্তমান অবস্থানে আনতে সহায়তা করেছে। পরিচালনা পর্ষদ কোম্পানীর কর্মকর্তা - কর্মচারীদের পরিবারবর্গের আন্তরিক সহযোগীতার কথাও স্বীকার করছে যার ফলে কর্মকর্তা-কর্মচারীগণ মনোযোগের সহিত তাদের দায়িত্ব পালনে সক্ষম হচ্ছেন।

আমরা আশা করছি আগামীতে অনুষ্ঠিতব্য ১৪তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলের সাথে দেখা হবে "ইন শা আল্লাহ"।

পরিচালনা পর্ষদের পক্ষে



**জওহর রিজভী**
ব্যবস্থাপনা পরিচালক